
ঢাবিতে বই ফেরত দিতে দেরি, ১ টাকা জরিমানা জমা দিতে হয় ব্যাংকে



ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কেন্দ্রীয় ও বিজ্ঞান পাঠাগারে নির্ধারিত সময়ের পর বই জমা দিলে জরিমানা দিতে হয় শিক্ষার্থীদের। জরিমানার পরিমাণ মাত্র এক টাকা হলেও তা পরিশোধের জন্য ব্যাংকে গিয়ে নির্ধারিত প্রক্রিয়া অনুসরণ করতে হচ্ছে। এ নিয়ে শিক্ষার্থীদের মধ্যে অসন্তোষ ও আলোচনা তৈরি হয়েছে।

সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী নাবিলা হকের সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া একটি পোস্টে বিষয়টি সামনে আসে।

পোস্টে নাবিলা জানান, পাঠাগার থেকে নেওয়া একটি বই ৮ থেকে ৯ দিন দেরিতে ফেরত দেওয়ায় তাঁকে এক টাকা জরিমানা করা হয়েছে। সেই টাকা জমা দিতে টিএসসির জনতা ব্যাংকে গিয়ে লাইনে দাঁড়াতে হবে বলেও উল্লেখ করেন তিনি।

এ বিষয়ে নাবিলা হক গণমাধ্যমকে বলেন, জরিমানার পরিমাণ এবং তা ব্যাংকে জমা দেওয়ার বিষয়টি তাঁর কাছে অস্বাভাবিক মনে হওয়ায় মজা করেই পোস্টটি দিয়েছেন। তবে বিশ্ববিদ্যালয়ের অধিকাংশ প্রশাসনিক কাজ এখনো ম্যানুয়াল পদ্ধতিতে পরিচালিত হয়। ভর্তির সময়ও টিএসসির জনতা ব্যাংকে দীর্ঘ লাইনে দাঁড়িয়ে টাকা জমা দিতে হয়েছিল। পাঠাগারেই জরিমানা পরিশোধের ব্যবস্থা থাকলে শিক্ষার্থীদের ভোগান্তি কমত বলে মনে করেন তিনি।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত গ্রন্থাগারিক ড. কাজী মোস্তাক গাউসুল হক বলেন, ব্যাংকের মাধ্যমে জরিমানা জমা দেওয়ার নিয়মটি অনেক পুরোনো। জরিমানার পরিমাণ কত হলে ব্যাংকে জমা দিতে হবে, সে বিষয়ে নির্দিষ্ট কোনো সীমা নেই। তবে কেন্দ্রীয় গ্রন্থাগারে চার-পাঁচ টাকা জরিমানা হলে সাধারণত ব্যাংকের মাধ্যমে তা নেওয়া হয় না।

বিজ্ঞান পাঠাগারের বিষয়ে তিনি জানান, সেখানকার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ১৫ দিনের ছুটিতে থাকায় দায়িত্বে থাকা অন্য একজন শিক্ষার্থীকে পে-স্লিপ দিয়েছেন। নিয়ম অনুসারেই এটি করা হয়েছে। তবে বিষয়টি কর্তৃপক্ষের নজরে আসার পর উপাচার্য-উপ-উপাচার্য (প্রশাসন) এ বিষয়ে খোঁজ নিয়েছেন। কত টাকা জরিমানা অনলাইনে এবং কত টাকা ব্যাংকের মাধ্যমে নেওয়া হবে, তা পুনর্বিবেচনা করা হচ্ছে।